গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.২৯৫

তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

বিষয়: **বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য নৌপথে মোট ১২০০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চালের চলাচলসূচি**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২০/০৩/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৮৩৫ নং স্মারক, ০৮/০৩/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৭১৭ নং স্মারক ও ২৪/০২/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৫৮৩ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ১৩/০২/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৪০.০০১.১৯.৭২৭ নং স্মারক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ২৭/০২/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৩০.৫০.০০১.২০.৬০৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল বিভাগের এলএসডিসমূহে মার্চ'২২ মাসে ভিজিএফ, মৎস্য, কাবিখা ও খাদ্যবান্ধবসহ বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য বিতরণযোগ্য বোরো'২১ চালের চাহিদা সূত্রস্থ ১ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। অপরদিকে রাজশাহী ও খুলনা বিভাগের এলএসডি/সিএসডিসমূহে স্থানীয় চাহিদার অতিরিক্ত বোরো'২১ সিদ্ধ চাল বিভাগের বাহিরে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে বরিশাল বিভাগের এলএসডিসমূহে মার্চ'২২ মাসে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য বর্তমান মজুত, সাশ্রয়ী রুট বিবেচনায় রাজশাহী ও খুলনা বিভাগ হতে মোট ১২০০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

**মহেশ্বরপাশা/খুলনা সিএসডি হতে নৌপথে বোরো'২১ সিদ্ধ চালের চলাচলসূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | খুলনা | মহেশ্বরপাশা সিএসডি | পটুয়াখালী | সুবিদখালী এলএসডি | ৩০০ | বোরো'২১ সিদ্ধ চাল | নৌপথ | চসনি, খুলনা অনুমোদিত প্রেরণ ও প্রাপক অনুযায়ী উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | বরিশাল | মেহেন্দীগঞ্জ এলএসডি | ৯০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | ঐ | বরিশাল এলএসডি | ১৮০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | খুলনা সিএসডি | ঐ | ঐ | ১২০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | মহেশ্বরপাশা সিএসডি | ঝালকাঠি | রাজাপুর এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | ঐ | ঐ | নলছিটি এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট = | ৫৪০০ | | | |

**রাজশাহী বিভাগ হতে নগরবাড়ি ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগে নৌপথে চালের চলাচলসূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | রুট | মাধ্যম | রুট | প্রাপক জেলা | প্রাক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পাবনা | মুলাডুলি সিএসডি | সড়ক পথ | নগরবাড়ী ঘাট | নৌপথ | পটুয়াখালী | খেপুপাড়া এলএসডি | ৬০০ | বোরো'২১ সিদ্ধ চাল | চসসা বিভাগ নৌপথে এবং জেখানি, পাবনা সড়কপথে উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | গলাচিপা এলএসডি | ৬০০ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | পটুয়াখালী এলএসডি | ৬০০ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | বরগুনা | আমতলী এলএসডি | ১০০ | ঐ | |
| ৫. | ঐ | পাবনা এলএসডি | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ | ঐ | |
| | | | | | | | মোট = | ২৪০০ | | |

**রাজশাহী বিভাগ হতে বাঘাবাড়ি ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগে নৌপথে চালের চলাচলসূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | রুট | মাধ্যম | রুট | প্রাপক জেলা | প্রাক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | বগুড়া | সান্তাহার সিএসডি | সড়ক পথ | বাঘাবাড়ী ঘাট | নৌপথ | পটুয়াখালী | খেপুপাড়া এলএসডি | ৬০০ | বোরো'২১ সিদ্ধ চাল | চসসা বিভাগ নৌপথে এবং আখানি, রাজশাহী সড়কপথে উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | গলাচিপা এলএসডি | ৬০০ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | রাঙ্গাবালী এলএসডি | ১২০০ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | দশমিনা এলএসডি | ৬০০ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | পটুয়াখালী এলএসডি | ৬০০ | ঐ | |
| ৬. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঝালকাঠি | ঝালকাঠি গ্রেড-১ এলএসডি | ৬০০ | ঐ | |
| | | | | | | | মোট = | ৪২০০ | | |
| | | | | | | | সর্বমোট = | ১২০০০ | | |

**নির্দেশনাসমূহ:**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে;

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন অনুসরণ করতে হবে;

৩। সুচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ

বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ৩১/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে

আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।

২২-৩-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক
ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী
৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী
৫) জেলা  খাদ্য নিয়ন্ত্রক, খুলনা
৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
৭) ব্যবস্থাপক, সান্তাহার/মুলাডুলি/মহেশ্বরপাশা/খুলনা সিএসডি

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.২৯৫/১(৯)

তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .........................................
৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................................... এলএসডি

২২-৩-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক